

সর্বসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি

সম্প্রতি ভারত সরকার "প্রধানমন্ত্রী উজ্জ্বলা প্রকল্প" এর অধীন দেশের বি.পি.এল.-ভুক্ত পরিবারের মহিলাদের সিকিউরিটি ডিপোজিট ছাড়া এল.পি.জি. সংযোগ দেবার পরিকল্পনা নিয়েছে। এই প্রকল্পে বলা হয়েছে, আর্থ-সামাজিক জাতিগত জনগণনা-২০১১ (SECC-2011) এর অন্তর্ভুক্ত গ্রামীণ তথ্যভান্ডারের অধীন যে সকল পরিবার চিহ্নিত হয়েছে, তারাই এই প্রকল্পের সুবিধা পাবেন। SECC-2011 এর তথ্যভান্ডার ইতিমধ্যেই প্রাপ্ত হয়েছে এবং ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সমস্ত এল.পি.জি. পরিবেশকদের পরামর্শ দিয়েছে তা জেলা প্রশাসন এবং সমস্ত প্রাথমিক পঞ্চায়েত স্তরে বিতরণের জন্য। এই প্রকল্পে সুবিধাদানের জন্য কে.ওয়াই.সি. রেজিস্ট্রেশনের কাজও ইতোপূর্বেই শুরু হয়েছে। এই ক্ষেত্রে বিবেচিত বি.পি.এল. ভুক্ত মহিলা সদস্যগণ কেন্দ্রীয় সরকার থেকে এল.পি.জি. এজেন্সির মাধ্যমে নতুন এল.পি.জি. সংযোগের জন্য সিলিভার সিকিউরিটি ইত্যাদি বাবদ প্রায় ১৬০০ টাকা ছাড় পাবেন। অগ্রহী বি.পি.এল. পরিবারের মধ্যে যারা এখনও এল.পি.জি. সংযোগের সুবিধা পাননি, অথচ ঐ পরিবার SECC-2011 এর অন্তর্ভুক্ত, ঐ সমস্ত পরিবারের মহিলাদের নিকটবর্তী গ্রাম পঞ্চায়েত অফিস অথবা বিডিও অফিস অথবা মহকুমা শাসকের কার্যালয়ে খাদ্য ও জনসংভরন দপ্তরে যোগাযোগ করে প্রয়োজনীয় কে.ওয়াই.সি. ফর্ম সংগ্রহ করতে এবং সংশ্লিষ্ট কার্যালয়গুলির মাধ্যমে ঐ ফর্ম নিকটবর্তী এল.পি.জি. ডিস্ট্রিবিউটরের কাছে জমা করতে অনুরোধ করা হচ্ছে।

বি.দ্র: রাজ্য সরকারের কাছে অভিযোগ এসেছে যে, রাজ্যের কিছু কিছু এলাকায় একটি বিশেষ শ্রেণীর স্বার্থাশ্রেষ্টী চক্র গ্রামীণ ভোক্তাদের এই ফর্ম পূরণ করিয়ে প্রকল্পের সুবিধা পাইয়ে দেবার দাবী করছে এবং তৎসঙ্গে কোথাও কোথাও মোটা অঙ্কের অর্থ উৎকোচ হিসাবে আদায় করছে, যা সম্পূর্ণ বেআইনি ও গর্হিত অপরাধ। রাজ্যের সকল শ্রেণীর গ্রামীণ ভোক্তাদের নিকট আবেদন, সরকারী অফিস ছাড়া এই প্রকল্পের সুবিধা পেতে অন্য কোথাও বা নির্দিষ্ট কোন অংশের বা শ্রেণীর তথাকথিত কোন প্রতিনিধির কাছে যাবেন না কিংবা কোথাও উৎকোচ হিসাবে অর্থ প্রদান করবেন না। এই প্রকল্প সম্পূর্ণভাবে একটি সরকারী প্রকল্প, যা প্রকল্পের ঘোষিত নিয়মনীতি অনুযায়ী কেবলমাত্র সরকারী কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত হবে।

খাদ্য, জনসংভরন ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর, ত্রিপুরা সরকার কর্তৃক প্রচারিত


Director,
Food, Civil Supplies
& Consumer Affairs
Tripura